ফ্যাসিবাদকে রাজনীতিতে ফেরার সুযোগ দেবে না জনগণ: আইনমন্ত্রী



আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

পতিত ফ্যাসিবাদী শক্তিকে দেশে আবার রাজনীতি করার সুযোগ দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।

শুক্রবার (১৩ নভেম্বর) সকালে জাতীয় প্রেসক্লাবে ঝিনাইদহ সাংবাদিক ফোরামের এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, সন্ত্রাস ও বোমা হামলার মাধ্যমে মানুষকে ভয় দেখিয়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিকে দেশে ফেরানোর চেষ্টা করে কোনো লাভ হবে না। দেশের মানুষ ফ্যাসিবাদীদের ফিরে আসতে দেবে না।

তিনি আরও বলেন, কোনো সন্ত্রাসী বা ফ্যাসিবাদী শক্তি নতুন করে রাজনীতিতে জায়গা পাবে না। যারা দেশের স্থিতিশীলতা নষ্টের চেষ্টা করবে, তাদের আইনের আওতায় আনা হবে।

LENS ASIA